**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 18-11-2025** **Desk in Charge : Kalyan L.**
**Time : 1-30 P.M.** **Compiling : K.L./ Suvankar B.**
**DEO : KB** **NRT : Arka Sen**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, বর্তমান বিশ্বের জলবায়ু পরিবর্তনের কথা তুলে ধরে, জলসংকট নিরসনে, পরিশ্রুত পানীয় জলকে সহজলভ্য করতে সকলকে একসঙ্গে কাজ করতে হবে।

২/ কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রী ভূপেন্দ্র যাদব বলেছেন, ২০৩৫-এর ডিসেম্বরের মধ্যে ভারত কার্বন নিঃসরণ কমানোয় দেশের জাতীয় অবদানের সংশোধিত মান- NDC প্রকাশ করবে।

৩/ এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি, আজ দিল্লি ও জাতীয় রাজধানী অঞ্চলে আল-ফালা বিশ্ব বিদ্যালয়ের সঙ্গে সম্পর্কিত ২৫ টি স্থানে তল্লাশি চালায়।

৪/ নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে অন্ধ্রপ্রদেশের মারেডুমিল্লি এলাকায় এক শীর্ষ নেতা সহ ৬ মাওবাদীর মৃত্যু হয়েছে।

৫/ SIR-এর কাজের অগ্রগতির পর্যালোচনা এবং ইভিএম পরীক্ষার প্রথম দফার কর্মসূচীতে যোগ দিতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ কলকাতায় এসে পৌঁছেছে।

৬/ রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতারেস, বাংলাদেশে প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার মৃত্যুদণ্ডের নির্দেশের বিরোধিতা করেছেন।

*********************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, বর্তমান বিশ্বের জলবায়ু পরিবর্তনের কথা তুলে ধরে, জলসংকট নিরসনে, পরিশ্রুত পানীয় জলকে সহজলভ্য করতে সকলকে একসঙ্গে কাজ করতে হবে। নতুন দিল্লিতে আজ ষষ্ঠ জাতীয় জল পুরস্কার ও প্রথম জল সঞ্চয়, জন ভাগিদারি পুরস্কার প্রদানের মঞ্চে রাষ্ট্রপতি মুর্মু বলেন, দেশের জলসম্পদের যথাযথ ব্যবহার করতে হবে। জল সঞ্চয়ে পুরস্কারপ্রাপ্তদের প্রচেষ্টার কথাও উল্লেখ করেন শ্রীমতী মুর্মু। জল সংরক্ষণে জনগণের অংশগ্রহণের কাজ গতবছর থেকে শুরু হয়েছে বলে জানান রাষ্ট্রপতি। তিনি বলেন, সারা দেশ জুড়ে ভূগর্ভস্ত জলস্তর সংরক্ষণে ৩৫ লক্ষ কাঠামো তৈরি করা হয়েছে।

( বাইট-দ্রৌপদী মুর্মু )

জলশক্তি মন্ত্রী সি আর পাটিল, জলশক্তি প্রতিমন্ত্রী ভি সোমান্না ও রাজ ভূষণ চৌধুরী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। জল সংরক্ষণে রাজ্যগুলির মধ্যে মহারাষ্ট্র প্রথম, গুজরাত দ্বিতীয় ও হরিয়ানা তৃতীয় স্থানাধিকারির পুরস্কার পেয়েছে।

**********************

একদিনের সফরে আগামিকাল অন্ধ্রপ্রদেশ যাবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পুত্তাপার্থীতে শ্রী সত্য সাই বাবার জন্ম শতবার্ষিকী অনুষ্ঠানে যোগ দেবেন শ্রী মোদী। সত্য সাই বাবার মহাসমাধিতে শ্রদ্ধা জ্ঞাপণও করবেন তিনি। যোগ দেবেন প্রার্থনাসভায়। অনুষ্ঠানের অঙ্গ হিসাবে একটি স্মারক মুদ্রা ও স্ট্যাম্প প্রকাশ করবেন প্রধানমন্ত্রী। অনুষ্ঠানে ভাষণও দেবেন তিনি।

**********************

কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রী ভূপেন্দ্র যাদব বলেছেন, ২০৩৫-এর ডিসেম্বরের মধ্যে ভারত কার্বন নিঃসরণ কমানোয় দেশের জাতীয় অবদানের সংশোধিত মান- NDC প্রকাশ করবে। ব্রাজিলের বেলেমে রাষ্ট্রসংঘের কপ৩০ জলবায়ু সম্মেলনের এক ভাষণে শ্রী যাদব বলেন, অস্থিতিশীল বিশ্বে জলবায়ু পরিবর্তনই প্রাথমিক ও প্রধান কারণ। তিনি

উন্নত দেশগুলিকে তাদের সময়সীমার আগেই নেট শূন্য লক্ষ্য অর্জনের আহ্বান জানিয়েছেন।

( বাইট- ভূপেন্দ্র )

*********************

এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি, আজ দিল্লি ও জাতীয় রাজধানী অঞ্চলে আল-ফালা বিশ্ব বিদ্যালয়ের সঙ্গে সম্পর্কিত ২৫ টি স্থানে তল্লাশি চালায়। আর্থিক অনিয়ম, ভুয়ো কোম্পানীকে ঢাল হিসেবে ব্যবহার, সংশ্লিষ্ট ব্যক্তিদের বাসস্থানের তালিকা এবং অর্থ তছরুপ বিষয়ে তদন্তের প্রেক্ষিতে এই তল্লাশি চালানো হয়। ইডি জানিয়েছে, একই ঠিকানায় নথিভুক্ত ৯'টি কোম্পানীকে ঢাল হিসেবে ব্যবহার করা হয়েছে। আল-ফালা ট্রাস্টের ভূমিকা এবং সংশ্লিষ্টদের তদন্তের আওতায় আনা হয়েছে।

প্রাথমিকভাবে UGC-র নথিভুক্তি এবং ন্যাক-এর সুপারিশের বিষয়ে অনিয়ম নজরে এসেছে। তদন্তে এই সমস্ত দিকই খতিয়ে দেখা হচ্ছে।

উল্লেখ্য, গত ১০'ই নভেম্বর দিল্লির লালকেল্লার সামনে গাড়ি বিষ্ফোরণে যুক্ত বিভিন্ন চিকিৎসকের আল-ফালা বিশ্ব বিদ্যালয়ের সঙ্গে যুক্ত থাকার বিষয়টি প্রকাশ্যে আসে।

*********************

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন, আসন্ন ২০২৬-২৭ কেন্দ্রীয় বাজেটের জন্য সমস্ত অংশীদারদের সঙ্গে নতুন দিল্লিতে আজ একটি প্রাক বাজেট বৈঠকে পৌরোহিত্য করেন। বৈঠকে কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত বিভাগের সচিব ও কেন্দ্রীয় সরকারের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টাও উপস্থিত ছিলেন।
কেন্দ্রীয় সরকার প্রত্যেক বছরই বহু শিল্পপতি, বিশেষজ্ঞ, অর্থনীতিবিদ ও রাজ্যের আধিকারিকদের নিয়ে এই প্রাক বাজেট বৈঠক করে।

*********************

আন্তর্জাতিক গীতা মহোৎসবের অংশ হিসেবে, ভারতীয় দূতাবাস, হরিয়ানার কুরুক্ষেত্রে, বর্তমান বিশ্বে ভগবগীতার তাৎপর্য সংক্রান্ত এক আলোচনাসভার আয়োজন করেছে। নেপাল সংস্কৃত বিশ্ববিদ্যালয় ও ত্রিভুবন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকেরা বর্তমান সময়ে গীতার প্রয়জনিয়তার কথা তুলে ধরেন। ত্রিভুবন বিশ্ববিদ্যালয়ের, সংস্কৃত বিভাগের বিভাগীয় প্রধান ডঃ নারায়ণ প্রসাদ গৌতম, মহাভারতে সঞ্জয়ের কুরুক্ষেত্রের যুদ্ধের বর্ণনা দেওয়ার অংশকে তুলে ধরেন।

( বাইট-ডঃ নারায়ণ প্রসাদ গৌতম )

নেপাল সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের, বাল্মীকি ক্যাম্পাসের সহকারী অধ্যাপক ডঃ প্রেম রাজ নেউপানে ভগবতগীতার কর্মযোগের অংশ তুলে ধরেন।

( বাইট- ডঃ প্রেম রাজ নেউপানে )

**********************

নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে অন্ধ্রপ্রদেশে এক শীর্ষ নেতা-সহ ৬ মাওবাদীর মৃত্যু হয়েছে। মৃত মাও নেতার নাম মাদভি হিদমা। মৃত্যু হয়েছে তার স্ত্রী রাজেরও। অন্ধ্র পুলিশের মহানির্দেশক হরিশকুমার গুপ্ত জানিয়েছেন, আজ সকাল ৬টা থেকে ৭টার মধ্যে পুলিশ যখন তল্লাশি অভিযান চালাচ্ছিল, তখন আল্লুরি সীতারামা রাজু জেলার মারেডুমিল্লি এলাকায় মাওবাদীদের সঙ্গে সংঘর্ষ হয়।

**********************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী বা SIR-এর কাজের অগ্রগতির পর্যালোচনা এবং বিধানসভা নির্বাচনে ইভিএম-এর পরীক্ষা-নিরীক্ষা বা ফার্স্ট লেভেল চেকিং-কর্মসূচীতে যোগ দিতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল এরাজ্যে এসে পৌঁছেছে। রাজ্যের দায়িত্বপ্রাপ্ত সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে ওই দলে আছেন, প্রিন্সিপাল সেক্রেটারি এস-বি যোশী, মলয় মল্লিক এবং ডেপুটি

সেক্রেটারি অভিনব আগরওয়াল। তারা কলকাতা উত্তর ও দক্ষিণ, নদীয়া, দক্ষিণ ২৪ পরগণা, মুর্শিদাবাদ ও মালদায় SIR-এর কাজ পর্যালোচনা করবেন।

আজ দুপুরে কলকাতার বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং কলকাতা উত্তর ও দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে ওই প্রতিনিধি দলের বৈঠকে বসার কথা। এরপর আলিপুরে দক্ষিণ ২৪ পরগণা জেলা নির্বাচনী আধিকারিকের সঙ্গেও তাদে বৈঠক হবে। প্রতিনিধি দলটি এরপর যাবে নদীয়া ও মুর্শিদাবাদে। কৃষ্ণনগরে রাত্রিবাসের পর আগামীকাল সকালে তারা কৃষ্ণনগর Collectorate Meeting Hall-এ বৈঠক করবেন। বিকেলে বহরমপুরে জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকের কথা রয়েছে।

**বৃহস্পতিবার** দুপুরে কমিশনের দলটি মালদায় জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে এস আই আর-এর কাজকর্ম খতিয়ে দেখবেন। সেদিন রাতেই তাদের কলকাতায় ফেরার কথা। প্রতিনিধি দলের সঙ্গে থাকবেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, দুই অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস ও এস অরুণ প্রসাদ।

**শুক্রবার** কমিশনের দলটি নিউটাউনে তালকুটির কনভেনশন সেন্টারে আগামী বিধানসভা নির্বাচনের জন্য EVM-এর ফার্স্ট লেভেল চেকিং কর্মশালায় যোগ দেবে। ওই কর্মসুচিতে থাকবে রাজ্যের মোট ২৪ জন জেলা নির্বাচনী আধিকারিকরা। ওই দিনই তাদের দিল্লি ফেরার কথা।

**********************

রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতারেস, বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার মৃত্যুদণ্ডের নির্দেশের বিরোধিতা করেছেন। রাষ্ট্রসংঘের মহাসচিবের মুখপাত্র স্তেফানে দুজারিক বলেছেন, যেকোনো পরিস্থিতিতেই রাষ্ট্রসংঘ মৃত্যুদণ্ডের বিরোধিতা করে।

বাংলাদেশের ঢাকায় গতবছরের ছাত্র আন্দোলনের প্রেক্ষিতে, মানবতা বিরোধী অপরাধের অভিযোগে সেদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল তাঁর মৃত্যুদণ্ড ঘোষণা করেছে। এর পাশাপাশি, সেদেশের প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকেও মৃত্যুদণ্ডের নির্দেশ দেওয়া হয়েছে। সেদেশের পুলিশের প্রাক্তন ইন্সপেক্টর জেনারেল চৌধুরী আব্দুল্লাহ আল মামুনকে ৫ বছরের কারাদণ্ডের নির্দেশ দেওয়া হয়েছে।

রাষ্ট্রসংঘের মানবাধিকার পরিষদের হাইকমিশনার ভোলকার টার্কের কথা উদ্ধৃত করে মুখপাত্র বলেন, বাংলাদেশের বিচারকরাই, একটি স্থানীয় আদালত থেকে স্ব-আরোপিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যালের অংশহিসেবে দাবি করে এই মৃত্যুদণ্ডের রায় দিয়েছে। মানবাধিকার পরিষদের হাই কমিশনারের মুখপাত্র রভীনা শামদাসানি, জেনিভায় এক বিজ্ঞপ্তি প্রকাশ করে বলেছেন, এই বিচার করার অধিকার তাঁদের নেই, এবং এই ধরণের বিচার প্রক্রিয়া আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী নির্দিষ্ট হওয়া প্রয়োজন।

***********************

বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং প্রাক্তন স্বরাষ্ট্র মন্ত্রী আসাদুজ্জামান খান কামাল-কে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালে দোষী সাব্যস্ত করে মৃত্যুদন্ডের নিন্দা জানিয়েছে অ্যামেনেস্টি ইন্টারন্যাশনাল। এই সংগঠনের সেক্রেটারি জেনারেল অ্যাগনেস কালামার্ড এক বিবৃতিতে জানিয়েছেন, শাসক দলের প্রতিনিধিরা বিচারের নামে প্রহসন করেছে। সেদেশে গত বছরের হিংসায় যাদের প্রাণ গেছে, এই রায় তাঁদের ন্যায় বিচার দিতে পারেনি, পরিবর্তে বাংলাদেশে মানবাধিকার লঙ্ঘনের সমস্যাকে আরো গভীর করে তুলেছে বলে বিবৃতিতে জানানো হয়েছে। অ্যামেনেস্টি ইন্টারন্যাশনাল জানিয়েছে, দীর্ঘ সময় ধরে সমালোচিত এই বিচার প্রক্রিয়ায় স্বাধীনতার অভাব এবং রাজনীতি দ্বারা যে তা’ প্রভাবিত, গতকালের রায়ে সেটি স্পষ্ট। তারা আরো জানিয়েছে, এই মামলাটির জটিলতা এবং গুরুত্ব অনুযায়ী অস্বাভাবিক দ্রুততার সঙ্গে এই বিচার প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। ২০২৪-এ হিংসাত্মক ঘটনায় মৃতদের প্রকৃত ন্যায় বিচার দিতে প্রয়োজন

ছিল স্বাধীন, নিরপেক্ষ এবং স্বচ্ছ আইনী প্রক্রিয়া, যা আন্তর্জাতিক মানবাধিকারের মানদন্ডের সঙ্গে সাযুজ্যপূর্ণ- তা' কখনোই মৃত্যুদন্ড নয়।

*********************

ভারতীয় জলসীমায় মাছ ধরতে আসার ফলে, গত ১৫ ও ১৬ নভেম্বর, ভারতের উপকূলরক্ষী বাহিনী, ৩ টি বাংলাদেশি নৌকো সহ ৭৯ জন বাংলাদেশি নাগরিককে গ্রেফতার করে। বঙ্গোপসাগরের উত্তরাংশে রুটিন পরিদর্শন চলাকালীন এই নৌকোগুলি ধরা পড়ে ও ভারতের সমুদ্রসীমা আইন লঙ্ঘন করেছে বলে জানা যায়। উপকূলরক্ষী বাহিনী জানিয়েছে, এদের কারোরই বৈধ পরিচয়পত্র নেই।

*********************

আসন্ন হর্নবিল উৎসবে নাগাল্যান্ড সরকার ব্রিটেনকে তাদের অংশীদার দেশ হিসেবে ঘোষণা করেছে। আগামী পয়লা ডিসেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত এই উৎসব নাগাল্যান্ডের কোহিমার কিসামায় অনুষ্ঠিত হবে। নতুন দিল্লিতে গতকাল এই বিষয়ে ভারতে ব্রিটেনের হাই কমিশনার লিন্ডি ক্যামেরন ও দুদেশের বরিষ্ঠ আধিকারিকদের উপস্থিতিতে, নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেফিউ রিও ও ভারতে ব্রিটিশ কাউন্সিলের মহানির্দেশক অ্যালিসন বেরেটের মধ্যে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। ব্রিটিশ ডেপুটি হাই কমিশনের সঙ্গে যৌথ ভাবে কাজ করা ব্রিটিশ কাউন্সিল অনুষ্ঠানে সহযোগিতা করবে বলে আশ্বাস দিয়েছে।

সরকারি পরিবহণ অংশীদার হিসেবে রাজ্য সরকার এয়ার ইন্ডিয়ার নাম ঘোষণা করেছে। মুখ্যমন্ত্রীর উপদেষ্টা আবু মেথা ও এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের মহানির্দেশক অলোক সিং এই অংশীদারিত্বের কথা যৌথ ভাবে ঘোষণা করেছেন।

*********************

তাইওয়ানের প্রতিরক্ষা দফতর আজ তাদের জলসীমার মধ্যে ১৩ টি চীনা যুদ্ধ বিমান, ৭ টি নৌবাহিনীর জাহাজ এবং ১ টি সরকারি জাহাজকে চিহ্নিত করেছে। সমাজমাধ্যমের

এক বার্তায় মন্ত্রক জানিয়েছে, ১৩ টি বিমানের মধ্যে ৭ টি তাইওয়ানের দক্ষিণ পশ্চিমে বায়ু প্রতিরক্ষা অঞ্চলের মধ্যে প্রবেশ করেছে। তারা ঘটনাটি লক্ষ্য করে যথাযথ প্রত্যুত্তর দিয়েছে বলে জানায় মন্ত্রক।

এর আগেও তাইওয়ান ৮ টি চীনা সামরিকবিমান, ৮ টি নৌবাহিনীর বিমান ও ২ টি সাধারণ জাহাজ তাদের অঞ্চলের মধ্যে লক্ষ্য করেছে। চীনা জলপথ কর্তৃপক্ষের পীত সাগরে সামরিক মহড়া চালানোর ঘোষণার পরেই তাইওয়ানের রাষ্ট্রপতি দফতর, জাপানের সঙ্গে রাজনৈতিক সংঘর্ষ চালানোর বিষয়ে অভিযোগ করে।

উল্লেখ্য, জাপানের প্রধানমন্ত্রী সানে তাকাইচি, চীনা নৌবাহিনীর তাইওয়ানকে ঘিরে রাখার বিষয়ে অভিযোগ করে।

*****************************************************************